দৈনিক [illegible]

২০/৮/২০০০

তারিখ ঃ ---- ---- ---- ---- ---- ----
পৃষ্ঠা ... কলাম ......

## বেসরকারী শিক্ষক কর্মচারীদের বেতনের সরকারী অংশ যথাসময়ে প্রদানের আহ্বান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ৭ সদস্যের একটি প্রতিনিধি দল গত বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ এটি এম শরীফুল্লাহর সহিত সাক্ষাৎ করেন। এই সময় দলের সদস্যরা গত জুন-জুলাই মাসের প্রাপ্য বেতনের সরকারী অংশ না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। তাঁহারা বিগত দুইটি সরকারের সঙ্গে শিক্ষক নেতৃবৃন্দের চুক্তির শর্ত মোতাবেক প্রতিমাসে প্রাপ্ত বেতনের সরকারী অংশ পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে প্রাপ্তি নিশ্চিত করার দাবী করেন।